৫। **অংগীভূত আনসার।**—(১) এই প্রবিধানমালার বিধান সাপেক্ষে মহাপরিচালক কর্তৃক মনোনীত কর্মকর্তা সাধারণ আনসারদের মধ্য হইতে ক্রম অনুসরণ করিয়া অংগীভূত আনসার নিয়োগ করিতে পারিবেন।

(২) অংগীভূত আনসারদের বিবরণ তপসিল 'খ' এর ছকে লিপিবদ্ধ করিতে হইবে।

(৩) কোন অংগীভূত আনসারের কার্যকাল ১ (এক) বৎসরের উর্ধে হইবে না এবং তাহার কার্যকাল ১ (এক) বৎসর সমাপ্তির পর পরবর্তী ৪ বৎসরের মধ্যে তাহাকে, মহাপরিচালকের পূর্বানুমতি ব্যতীত, পুনরায় অংগীভূত করা যাইবে না।

(৪) অংগীভূত কোন আনসারকে শৃংখলাজনিত কারণ ছাড়া অন্য কোন সংগত কারণে অ-অংগীভূত করা হইলে তাহাকে এই প্রবিধানের বিধান সাপেক্ষে পুনরায় অংগীভূত করা যাইবে।

(৫) অংগীভূত আনসারগণ সরকারী নীতিমালা অনুসারে ব্যবহারকারী সংস্থা বা প্রতিষ্ঠানের নিকট হইতে আর্থিক সুবিধাদি পাইবেন।

৬। **অংগীভূত আনসারের পোষাক।**—একজন অংগীভূত আনসার মহাপরিচালক কর্তৃক অনুমোদিত নমুনা অনুযায়ী নিম্নবর্ণিত পোষাক প্রাপ্য হইবেন, যথাঃ—

(ক) ব্যারেট ক্যাপ/ফিল্ড ক্যাপ;

(খ) খাকী ফুল শার্ট;

(গ) খাকী ফুল প্যান্ট;

(ঘ) ওয়েব বেল্ট;

(ঙ) খাকী হাফ প্যান্ট;

(চ) কালো মোজা;

(ছ) কালো বুট; এবং

(জ) খাকী উলেন জার্সি (শীতকালের জন্য)।

৭। **ক্যাপের ব্যাজ।**—প্রবিধি ৬ এ যাহা কিছুই থাকুক না কেন, আনসার সংগঠনের ক্যাপ ব্যাজ নিম্নরূপ হইবে, যথাঃ—

সাদা ধাতব নির্মিত একটি মনোগ্রাম, যাহার নিম্নদেশে ২৯ মিঃমিঃ দৈর্ঘ্য এবং ০৬ মিঃমিঃ প্রস্থ "আনসার" শব্দ খচিত এবং ৩৫ মিঃমিঃ পরিমাপের একটি উদীয়মান সূর্য থাকিবে যাহা দুইটি ধানের শীষ দ্বারা পরিবেষ্টিত থাকিবে এবং উপরে একটি তারকা থাকিবে, যাহা ধানের শীষদ্বয়ের শীর্ষদেশ দ্বারা যুক্ত থাকিবে। অত্র মনোগ্রাম ব্যারেট ক্যাপের বাম পাশে এবং পিক ক্যাপের সামনের দিকের মধ্যভাগে পরিধান করিতে হইবে।

৮। **ব্যাংকের ব্যাজ।**—সাধারণ আনসার ও অংগীভূত আনসারের ব্যাংকের ব্যাজ নিম্নরূপ হইবে, যথাঃ—

(ক) হাবিলদার পদের জন্য ½ ইঞ্চি প্রস্থ "V" আকৃতির তিনটি সবুজ কাপড়ের টুকরা ১২০ ডিগ্রী কোণে লাল কাপড়ের উপর সন্নিবেশিত থাকিবে।

